দৈনিক ইনকিলাব

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

4

তারিখ 05 JUL 1988
পৃষ্ঠা ... কলাম ১ ...

# শিক্ষাঙ্গন

## তোলারাম কলেজের সমস্যা

নারায়ণগঞ্জ শহরের সবচেয়ে প্রাচীন ও ঐতিহ্যবাহী শিক্ষা প্রতিষ্ঠান নারায়ণগঞ্জ সরকারী তোলারাম কলেজ। অপ্রিয় হলেও সত্য যে, এ কলেজটিতে এখন আর শিক্ষার সুষ্ঠু পরিবেশ নেই। সাত হাজার ছাত্রের জন্য যে ক'টি শ্রেণী কক্ষ নির্ধারিত আছে প্রয়োজনের তুলনায় তা নিতান্তই অপ্রতুল।

ফলে, শ্রেণী কক্ষগুলোতে বসার সৌভাগ্য হয় না অনেক ছাত্রের। ছাত্ররা ক্লাস করার জন্য দাঁড়িয়ে থাকলেও পেছন থেকে শিক্ষকের কোন কথাই তারা শুনতে পায় না। তোলারাম কলেজের যে সমস্যাগুলো অত্যন্ত প্রকট তা হলোঃ

শ্রেণীকক্ষের অভাবঃ শ্রেণীকক্ষের অভাবে উচ্চ মাধ্যমিক ও স্নাতক শ্রেণীর ক্লাস এক সাথে নেয়া সম্ভব হচ্ছে না। কর্তৃপক্ষ কোন কোন বর্ষের ক্লাস নেয়ার জন্য দুপুর দু'টা থেকে বিকেল পাঁচটা পর্যন্ত সময় নির্ধারণ করে থাকেন। এতে একদিকে যেমন শিক্ষকের অসুবিধা ভোগ করতে হয় অন্যদিকে ছাত্রদেরও নিদারুণ দুর্ভোগ পোহাতে হয়।

ছাত্রাবাস সমস্যাঃ বর্তমানে যে ক্ষুদ্র ছাত্রাবাসটি আছে তাতে মোট ছাত্রসংখ্যার এক ভাগেরও স্থান হয় না। দূরের ছাত্রদের জন্য পর্যাপ্ত ছাত্রাবাসের প্রয়োজন।

কলেজ ভবনঃ কলেজের পশ্চিমের দালানের তৃতীয় তলায় ফাটল দেখা দিয়েছে। বহুদিন আগেই তা ব্যবহারের অনুপযোগী ঘোষণা করা হয়েছে। অবিলম্বে এগুলো সংস্কার করা প্রয়োজন।

টয়লেটের অব্যবস্থাঃ সাত হাজার ছাত্রের জন্য যে ক'টি টয়লেট আছে তা পর্যাপ্ত নয়।

খেলাধুলার ব্যবস্থাঃ কয়েকটি কেরাম বোর্ড, দু'টি টেবিল টেনিস ছাড়া খেলাধুলার কোন ব্যবস্থা নেই। মাঠ না থাকায় ছাত্ররা ফুটবল ও ক্রিকেট খেলতে পারছে না। এছাড়াও তোলারাম কলেজের অনেক সমস্যা আছে। আর এসব সমস্যা নিয়ে তোলারাম কলেজের ছাত্ররা দীর্ঘদিন ধরে দাবী জানিয়ে আসছে। অবিলম্বে তোলারাম কলেজের সমস্যাগুলো সমাধানের জন্য জরুরী ভিত্তিতে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হবে বলে আশা করি।

—এম, এ, আউয়াল